

নং- ২৪.০০.০০০০.১১৫.২২.০০৫.১৬ (অংশ-১)-১১২

তারিখঃ ১৮ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
০১ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বস্ত্র আইন, ২০১৮ (২০১৮ সনের ৩৭ নং আইন) এর ১৪ ধারার ক্ষমতাবলে বায়িং হাউজের নিবন্ধন আবেদনের পদ্ধতি, নিবন্ধন সনদ প্রদান, নিবন্ধন স্থগিত, বাতিল ও নবায়ন, ফি নির্ধারণসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয়াদি সরকার নিম্নরূপে নির্ধারণ করিল।

- ১। নিবন্ধকঃ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বায়িং হাউজ নিবন্ধকের দায়িত্ব পালন করিবেন;
তবে শর্ত থাকে যে, প্রয়োজনীয়তার নিরিখে, সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অধিদপ্তরের অন্য কোন উপযুক্ত কর্মকর্তাকে বায়িং হাউজের নিবন্ধকের ক্ষমতা অর্পন করিতে পারিবে।
- ২। নিবন্ধন আবেদন পদ্ধতিঃ
 - ১) বস্ত্র অধিদপ্তর, নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য নিম্নলিখিত কাগজ পত্রাদিসহ নির্ধারিত ফরম-এ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর বরাবর আবেদন করিবেন-
 - (ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।
 - (খ) হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত কপি।
 - (গ) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকরপোরেশনসহ মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের কপি, অংশীদারী প্রতিষ্ঠান হলে অংশীদারী চুক্তিপত্র এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
 - (ঙ) সম্ভাব্য বাৎসরিক টার্নওভার।
 - (চ) সংশ্লিষ্ট বাণিজ্যিক সংগঠনের সদস্য পদের সনদ পত্রের সত্যায়িত কপি।
 - (ছ) নিবন্ধন ফি বাবদ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা বরাবর ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
 - (জ) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতা সনদ।
 - ২) প্রয়োজনে নিবন্ধক, উপ-অনুচ্ছেদ ১ এ উল্লিখিত প্রধান প্রধান কাগজ পত্রাদির আংশিক প্রাপ্তি সাপেক্ষে সরকারের পূর্বানুমোদনক্রমে সাময়িক নিবন্ধন সনদ প্রদান করিতে পারিবেন। তবে সাময়িক সনদ ইস্যুর ৬০ (ষাট) দিনের মধ্যে উপ-অনুচ্ছেদ ১ এ উল্লিখিত সকল কাগজপত্র যথাযথভাবে সরবরাহ করিতে হইবে, অন্যথায় সাময়িক নিবন্ধন সনদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে। কোন বায়িং হাউজ এর অনুকূলে একবারের বেশী সাময়িক সনদ ইস্যু করা যাইবে না।
 - ৩) উপ-অনুচ্ছেদ ১ এর কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে ও প্রয়োজনে পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদির আলোকে নিবন্ধক, ৬০ দিনের মধ্যে নিবন্ধন সনদ প্রদান করিবেন। নিবন্ধন সনদের মেয়াদ হইবে ০৩ (তিন) বছর।
- ৪) যথাযথ পদ্ধতিতে আবেদন ও প্রয়োজনীয় দলিলপত্র দাখিলের পরেও নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন সনদ প্রাপ্তিতে অহেতুক বিলম্ব ঘটিলে আবেদনকারী সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাবরে অভিযোগ দাখিল করিতে পারিবে।

ক

৫) নিবন্ধক, নিবন্ধন সনদ প্রদানকালে নিম্নরূপ শর্তাবলীসহ প্রয়োজনীয়তার নিরিখে অন্যান্য শর্তাবলী আরোপ করিয়া নিবন্ধন সনদ জারী করিতে পারিবেন-

- (ক) এই নিবন্ধন সনদ সংশ্লিষ্ট বায়িং হাউজকে বিধিভুক্ত কোন দায় হইতে মুক্তি প্রদান করিবে না। কোন শর্ত ভঙ্গ বা কোন বিধি প্রতিপালন না করিবার ফলে কোন দুর্ঘটনা ঘটিলে সে বিষয়ে বায়িং হাউজ কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।
- (খ) বায়িং হাউজ বাস্তবায়নে জাতীয়/আন্তর্জাতিক অর্থলগ্নীকারী কোন সরকারি বা বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের সাথে আর্থিক লেনদেন সংক্রান্ত কোন বিষয়ে এই নিবন্ধন সনদের কোন সম্পৃক্ততা থাকিবে না।
- (গ) বায়িং হাউজের মালিকানা অথবা ঠিকানার পরিবর্তন হইলে তাৎক্ষণিকভাবে বস্ত্র অধিদপ্তর-কে অবহিত করিতে হইবে।
- (ঘ) সরকারি কাজে জরিপসহ যে কোন পরিদর্শন বা তথ্য সংগ্রহকালে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।
- (ঙ) বস্ত্র অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে প্রাপ্ত সরকারি সুযোগ-সুবিধাদি বস্ত্র অধিদপ্তরকে অবহিত করিতে হইবে।
- (চ) অত্র অধিদপ্তরের যে কোন কর্মকর্তা ও পরিদর্শক যে কোন সময়ে প্রতিষ্ঠানটি পরিদর্শন করিতে পারিবেন।
- (ছ) বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের জন্য ইন্টার্নশীপ প্রশিক্ষণের ব্যবস্থা রাখিতে হইবে।
- (জ) বাংলাদেশ শ্রম আইন-২০০৬ প্রতিপালন করিতে হইবে। কোন অবস্থাতেই শিশু শ্রমিক নিয়োগ দেওয়া যাইবে না।
- (ঝ) সম্ভাব্য দুর্ঘটনা রোধকল্পে দেশের প্রচলিত আইন অনুসারে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
- (ঞ) প্রতিষ্ঠান গুলিতে ডে-কেয়ার সুবিধা, মাতৃত্বকালীন সময়ে ছুটির সুবিধা, স্বল্প আয়ের মহিলা কর্মচারীদের জন্য প্রতিষ্ঠানের কাছাকাছি স্বল্প ব্যয়ে নিরাপদ আবাসন সুবিধা প্রদান এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরে মহিলা কর্মীদের সমমর্যাদা প্রতিষ্ঠার জন্য মজুরী ও অন্যান্য ভাতা প্রদান, সমতা বিধান, স্বল্প খরচে খাবারের ক্যান্টিন সুবিধা, পুরুষ ও মহিলা কর্মীদের মাঝে কাজের শান্তিপূর্ণ সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করিতে হইবে।

৩। নিবন্ধন নবায়নঃ

১) নিবন্ধন গ্রহীতা নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণের ৬০ (ষাট) দিন পূর্বে নবায়নের জন্য নিম্নলিখিত কাগজ পত্রাদিসহ নির্ধারিত ফরমে মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর বরাবর আবেদন করিবেন;

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।

(খ) হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত কপি।

(গ) সংশ্লিষ্ট বাণিজ্যিক সংগঠনের সদস্যপদের সনদ পত্রের সত্যায়িত কপি।

(ঘ) বিগত এক বছরের রপ্তানি বিবরণীর কপি।

(ঙ) নিবন্ধন নবায়ন ফি বাবদ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা বরাবর ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

২) উপ-অনুচ্ছেদ ১ এর কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে ও প্রয়োজনে পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদির আলোকে নিবন্ধক ৩০ দিনের মধ্যে নিবন্ধন সনদ ৩ (তিন) বছরের জন্য নবায়ন করিবেন।